দৈনিক ইনকিলাব

তারিখ 13 FEB 1988
পৃষ্ঠা 5 কলাম 3

048

# শিক্ষাঙ্গনে

## আশরাফ আলী উচ্চ বিদ্যালয়ের সমস্যা

রাজধানী ঢাকা শহরের লালবাগ থানাধীন ২৮ নং ওয়ার্ডের অন্তর্গত ইসলামবাগ আশরাফ আলী (বহুমুখী) উচ্চ বিদ্যালয়। বিদ্যালয়টি বৃহত্তর ইসলামবাগ এলাকার দরিদ্র জনগোষ্ঠীর উচ্চ শিক্ষার লক্ষ্যে ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত হয়। ইসলামবাগ এলাকায় এটিই একমাত্র উচ্চ বিদ্যালয়। তাই এর গুরুত্ব অপরিসীম। বিদ্যালয়টি অগ্রযাত্রা থেকেই বিভিন্ন সমস্যায় জর্জরিত। বলাবাহুল্য বিদ্যালয়টি একটি কাঁচা ভূমির উপর চারপার্শ্বে বেড়া এবং উপরে টিন দিয়ে নির্মিত। এ ছাড়া অভ্যন্তর অংশও স্যাঁতসেঁতে এবং অন্ধকারাচ্ছন্ন। বিদ্যালয়টির প্রধান সমস্যাসমূহ হলঃ প্রয়োজনীয় কক্ষ, বসার জন্য বেঞ্চের স্বল্পতা এবং শিক্ষার সুন্দর পরিবেশের দারুণ অভাব। অবস্থাদৃষ্টে মনে হয় যেন একটা ভূতুরে বাড়ী। এখানে বিজ্ঞান বিভাগে পড়ালেখা করার মত কোন সুযোগ নেই। প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা এদিক থেকে সম্পূর্ণ বঞ্চিত।

এর একমাত্র কারণ— ডিগ্রীধারী শিক্ষক, প্রয়োজনীয় সরঞ্জাম, অতিরিক্ত শ্রেণী কক্ষ, বিজ্ঞানাগার এবং উন্নতমানের পাঠাগারের তীব্র অভাব। এছাড়া ছাত্র-ছাত্রীদের টিফিন বা বিশ্রামের জন্য কোন বিশ্রামাগারের ব্যবস্থা নেই। আর খেলাধুলা ব্যবস্থার কথা তো বলার অপেক্ষা রাখে না। শিক্ষা করুণা নয়, শিক্ষা জন্মগত নাগরিক অধিকার। এর যথার্থ গুরুত্ব বিবেচনা করে এবং অসংখ্য সোনালী মুখের প্রতি গভীর দৃষ্টি রেখে শিক্ষামন্ত্রণালয় তথা স্থানীয় বিত্তশালী মহল বিদ্যালয়টির দৈন্য দশা কাটিয়ে উঠার লক্ষ্যে প্রয়োজনীয় সাহায্য এবং সহযোগিতার হাত প্রসারিত করবেন বলে আমাদের একান্ত বিশ্বাস।

—আহমাদ আলী